গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগেরহাট সদর, বাগেরহাট।

স্মারক নং- ০৫.৪৪.০১০৮.০০০.৫৬.০১০.২৪-৬২৩ তারিখ ঃ ১০/৬/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার ১০.২ নং অনুচ্ছেদের আলোকে এবং জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ১০/০৬/২০২৪ খ্রি. তারিখের ০৫.৪৪.০১০০.০১১.৫৫.০১৭.২৪-৫১৮ নং স্মারকের অনুমতিক্রমে বাগেরহাট সদর উপজেলাধীন নিম্নবর্ণিত স্থানে কোরবানীর পশুর হাট নিম্নোক্ত শর্তসাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্তে দরপত্রগ্রহণ/প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে। ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ১২/০৬/২০২৪ খ্রি. তারিখ ১০.৩০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত হয়ে অস্থায়ী পশুর হাট ইজারা/নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	হাট-বাজারের নাম	ইজারা মেয়াদ	সরকারি ইজারার মূল্য
০১	১ নং কাড়াপাড়া ইউনিয়নের মেগনিতলা বাজার	৪দিন	১৫,০০০/-
০২	২ নং বেমরতা ইউনিয়নের ফতেপুর বাজার সংলগ্ন আবুল হোসেনের বালুর মাঠ	৪দিন	১১,৬০০/-
০৩	২ নং বেমরতা ইউনিয়নের বটতলা বাজার নামক স্থান	৪দিন	২৩,৫০০/-
০৪	২ নং বেমরতা ইউনিয়নের ভদ্রপাড়া খেয়াঘাট সংলগ্ন আলী হাওলাদার এর বালুর মাঠ	৪দিন	১৫,০০০/-
০৫	৩ নং গোটাপাড়া ইউনিয়নের বাবুরহাট বাজার	৪দিন	৬৪,৫০০/-
০৬	৮ নং খানপুর ইউনিয়নের চুলকাঠি বাজার সংলগ্ন ভট্টকনকপুর সিদ্দীকিয়া আমীনিয়া মদিনাতুল উলুম মাদ্রাসা মাঠ	৪দিন	২০,০০০/-
০৭	৯ নং রাখালগাছি ইউনিয়নের সিএন্ডবি বাজার সংলগ্ন মালিকানাধীন ফাঁকা জায়গা	৪দিন	৪২,৪০০/-

শর্তাবলী ঃ

০১। প্রতিটি হাটের জন্য প্রকাশ্যে ৩টি করে ডাক দেয়া যাবে এবং ইজারার মেয়াদ পবিত্র ঈদ-উল-আযহা'র পরের দিন পর্যন্ত বলবৎ থাকবে

০২। ডাকে অংশগ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ কাডকারীর ডাক কর্তৃপক্ষ উপর্যুক্ত মনে করলে তা গ্রহণ করবেন। সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমূদয় অর্থসহ ডাকমূল্যের উপর ভ্যাট বাবদ ১৫% ও আয়কর বাবদ ১০% অর্থ তাৎক্ষণিক জমা প্রদান করতে হবে।

০৩। ইজারা গ্রহীতাকে সরকার অনুমোদিত রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। টোল আদায়ের রেইট তালিকা আকারে হাট-বাজারের দৃশ্যমান স্থানে সর্বসাধারণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক নিজ খরচায় টাংগিয়ে রাখতে হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে টোল আদায়ের রেইট কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না।

০৪। ইজারাদার কর্তৃক নিয়মিতভাবে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

০৫। ইজারাদার কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত হাট-বাজার সাব-লীজ দিতে পারবেন না।

০৬। হাটে আগত বিক্রেতা, ক্রেতা এবং পশুর নিরাপত্তা বিধানের জন্য ইজারা গ্রহিতাকে নিজস্ব নিরাপত্তাকর্মী নিয়োগ করতে হবে।

০৭। নির্ধারিত সীমানার বাইরে হাট বসানো যাবে না। রেল লাইন, সড়ক/মহাসড়কের সন্নিকটে এমআর লাইন-৬ এর এ্যালাইনমেন্টের ভিতরে ও পাশে জনদুর্ভোগ সৃষ্টি হয় এমন স্থান হাট হিসেবে ব্যবহার করা যাবে না।

০৮। রাস্তার উপর হাট বসিয়ে কোনভাবেই রাস্তা বন্ধ করা বা চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।

০৯। হাটের প্রবেশ মুখে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে ক্রেতা-বিক্রেতাগণের শরীরের তাপমাত্রা পরীক্ষা করে প্রবেশ নিশ্চিত করতে হবে।

১০। হাটের বিভিন্ন স্থানে প্রয়োজনীয় সংখ্যক হ্যান্ড স্যানিটাইজার ও জীবানুমুক্তকরণ ট্যানেল/বেসিন স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১। সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন স্তর বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) অবশ্যই ব্যবহার নিশ্চিত করতে হবে।

১২। হাটে ক্রয়-বিক্রয়ের সময় ক্রেতা ও বিক্রেতার ন্যূনতম শারীরিক দূরত্ব ৩ ফুট এবং পাশাপাশি পশুর ন্যূনতম দূরত্ব ১০ ফুট বজায় রাখতে হবে।

১৩। অস্থায়ী পশুর হাটের চারিদিকে বাউন্ডারী প্রদান এবং একপাশ দিয়ে প্রবেশ ও অন্যপাশ দিয়ে বহির্গমন করতে হবে। প্রবেশ পথে হাট জীবানুমুক্ত করার ব্যবস্থ রাখতে হবে।

CS CamScanner

১৪। অস্থায়ী পশুর হাটের নির্ধারিত স্থানে ক্রয়-বিক্রয়ের পূর্বে শতভাগ জীবানুনাশক স্প্রে দিয়ে জীবানুমুক্ত করতে হবে।

১৫। কোভিড-১৯ প্রতিরোধে সরকারের বিভিন্ন সময়ে জারীকৃত সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্য বিধিসমূহ যথাযথভাবে মেনে পশুর হাট বসাতে হবে।

১৬। নিজ উদ্যোগে অস্থায়ী পশুর হাটে জাল টাকা সনাক্তকরণ মেশিন স্থাপন করতে হবে।

১৭। যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে এবং জমাকৃত সমূদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৮। উপরোক্ত শর্তসমূহ পরিবর্তন, পরিবর্ধন কিংবা কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ইজারা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মো: রাশেদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
বাগেরহাট সদর, বাগেরহাট
ফোন নং-০২৪৭৭৭৭৯৪০৪৪
E-mail:unobagerhat@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.০১০৮.০০০.৫৬.০১০.২৪-৬২৩ /১(৪০), তারিখ ঃ ১০/০৬/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। জেলা প্রশাসক, বাগেরহাট।
০২। পুলিশ সুপার, বাগেরহাট।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বাগেরহাট।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব), বাগেরহাট।
০৬। মেয়র, বাগেরহাট পৌরসভা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৮। সহকারী কমিশনার(ভূমি), বাগেরহাট সদর।
০৯। অফিসার ইন-চার্জ, বাগেরহাট মডেল থানা।
১০। চেয়ারম্যান/সচিব, ...(সকল) ইউনিয়ন পরিষদ। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ... ইউনিয়ন ভূমি অফিস, বাগেরহাট সদর। ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১২। জনাব ....
১৩। নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার
বাগেরহাট সদর, বাগেরহাট।

CS CamScanner